

# ■■ সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৬০৫

৩/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ১৪. (যাকাতের জন্য) গাছের ফলের পরিমাণ অনুমানে নির্ণয় করা।

باب فِي الْخُرْصِ

### আরবী

حَدَّ ثَنَا حَفْصُ بْنُ عُمَرَ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ خُبَيْبِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ مَسْعُود، قَالَ جَاءَ سَهْلُ بْنُ أَبِي حَثْمَةَ إِلَى مَجْلِسِنَا قَالَ أَمَرَنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " إِذَا خَرَصْتُمْ فَخُذُوا وَدَعُوا التُّلُثَ فَإِنْ لَمْ تَدَعُوا أَوْ تَجِدُوا التُّلُثَ فَدَعُوا الرُّبُعَ " . قَالَ أَبُو دَاوُدَ الْخَارِصُ يَدَعُ التُّلُثَ لِلْحِرْفَةِ .

#### বাংলা

১৬০৫. হাফ্স ইব্ন উমার (রহঃ) .... আব্দুর রহমান ইব্ন মাস'উদ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, সাহল ইব্ন আবু হাছ্মাহ (রাঃ) আমাদের সভায় আগমন করেন এবং বলেন যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম আমাদের নির্দেশ দেনঃ তোমরা (ফলের পরিমাণ) অনুমান কর। তখন দুই-তৃতীয়াংশ (হিসাবে) ধর এবং এক-তৃতীয়াংশ (হিসাব থেকে) বাদ দাও। যাদি এক-তৃতীয়াংশ না পাও বা বাদ দিতে না পার তবে এক-চতুর্থাংশ বাদ দাও। (তিরমিয়ী, নাসান্ধ)।\*

## **English**

AbdurRahman ibn Mas'ud said:

Sahl ibn Abu Hathmah came to our gathering. He said: The Messenger of Allah (ﷺ) commanding us said: When you estimate take them leaving a third, and if you do not leave or find a third, leave a quarter.

### ফুটনোট

\* অর্থাৎ যে পরিমাণ যাকাত অনুমানে নির্ধারণ করা হবে তা থেকে এক-তৃতীয়াংশ বা এক-চতুর্থাংশ যাকাতদাতাকে ছেড়ে দিবে। কারণ অনুমানে কম-বেশী হওয়ার সম্ভাবনা থাকে, ফলে বিনষ্ট ও ক্ষতিগ্রস্ত হওয়ারও



সম্ভাবনা থাকে। -- (স.স.)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবন আবদুল্লাহ্ ইবন মাসঊদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন